

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট- ১ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৮.০২.০০.০০০০.০৪১.১৫- ২২৪

তারিখঃ ৩১ মে ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন ৮টি উপজেলা পরিষদের বিভিন্ন অর্থবছরের স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত অডিটে পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম সংক্রান্ত।

সূত্রঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং- (১) ২১৭, তারিখঃ ২৮/১২/২০১৫ (২) ২১১, তারিখঃ ৮/৫/২০১৬ (৩) ২১৩, তারিখঃ ৮/৫/২০১৬ (৪) ২১৪, তারিখঃ ৮/৫/২০১৬ (৫) ২১২, তারিখঃ ৮/৫/২০১৬ (৬) ১৯৭, তারিখঃ ২৩/৩/২০১৬ (৭) ৪০, তারিখঃ ৫/৫/২০১৬ (৮) ২১৫, তারিখঃ ৮/৫/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন ৮টি উপজেলা পরিষদের বিভিন্ন অর্থবছরের স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত অডিটে পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম চিহ্নিত করে ৫ (পাঁচ) সপ্তাহের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত সময় সীমার মধ্যে সন্তোষজনক জবাব না পাওয়া গেলে ধরে নেয়া হবে যে, অডিট কর্তৃক উত্থাপিত আপত্তি/অনিয়মসমূহ তাঁর দপ্তর কর্তৃক স্বীকৃতি লাভ করেছে এবং সেক্ষেত্রে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট উপজেলা পরিষদসমূহের তালিকা নিম্নরূপঃ


ক্রমিক	জেলা	উপজেলা পরিষদ	অর্থবছর	অনুচ্ছেদ নম্বর	টাকার পরিমাণ
১	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর	২০১৪-২০১৫	১, ২, ৩, ৪	৭,৪৭,৭১৭/-
২	শেরপুর	শেরপুর সদর	২০১৪-২০১৫	১, ২, ৪, ৫	৩,৩৬,৬০০/-
৩	সিরাজগঞ্জ	রায়গঞ্জ	২০১১-২০১৫	১	১,০৮,২০০/-
৪	নওগাঁ	নিয়ামতপুর	২০১০-২০১৫	২, ৪	৬,০৭,৪৪৩/-
৫	নওগাঁ	পত্নীতলা	২০১০-২০১৫	১, ২	৩,০৪,৭৬৫/-
৬	বগুড়া	কাহালু	২০১৩-২০১৫	১	১,৭৫,৬৫৬/-
৭	পঞ্চগড়	আটোয়ারী	২০০৯-২০১৫	১	১,২৪,৩৭৫/-
৮	নোয়াখালী	চাটখিল	২০১০-২০১৫	১	৩,৭৭,৫৫১/-

২। এমতাবস্থায়, বর্ণিত উপজেলা পরিষদসমূহের অডিটে পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়মের অনুচ্ছেদসমূহের জবাব নিম্নবর্ণিত ছক মোতাবেক পূরণপূর্বক আগামী ১২/৬/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

ক) 'নির্ধারিত ছক'

আপত্তির সাল ও অনুচ্ছেদ নম্বর	আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ	সংশ্লিষ্ট উপজেলা পরিষদের জবাব	উর্দ্ধতন কর্তৃপক্ষের সুপারিশ	মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪	৫

- খ) প্রতিটি আপত্তি আলাদা আলাদা পাতায় উপস্থাপন করতে হবে এবং প্রমাণক সংশ্লিষ্ট ব্রডশীটের সাথেই সংযুক্ত করতে হবে;
গ) জমাকৃত টাকার সিটিআর/ i-BAS সহ প্রমাণক সংযুক্ত করতে হবে;
ঘ) জবাব সর্বদা ২(দুই) সেট প্রেরণ করতে হবে; এবং
ঙ) প্রতিটি প্রমাণক নাম যুক্ত সীল দ্বারা সত্যায়িত করতে হবে।




(মুহাম্মদ আনোয়ার পাশা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩২
lgd.gov.audit1@gmail.com

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ/শেরপুর/সিরাজগঞ্জ/নওগাঁ/বগুড়া/পঞ্চগড়/নোয়াখালী।
২। উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর/শেরপুর সদর/রায়গঞ্জ, সিরাজগঞ্জ/নিয়ামতপুর/পত্নীতলা, নওগাঁ/কাহালু, বগুড়া/আটোয়ারী, পঞ্চগড়/চাটখিল, নোয়াখালী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ২) মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) যুগ্ম- সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
- ৪) উপ- পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ/শেরপুর/সিরাজগঞ্জ/নওগাঁ/বগুড়া/পঞ্চগড়/নোয়াখালী।
- ৫) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



(মুহাম্মদ আনোয়ার পাশা)
সিনিয়র সহকারী সচিব